

স্মারকনং - ৪৬.৪৩.৮৮০০.০০৫.১৮.০০৫.১৭- ৩৬৮


তারিখ : ২৫ চৈত্র ১৪২৪ ব
০৮ এপ্রিল ২০১৮ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ইউনিসেফ বাংলাদেশ এর আর্থিক ও কারিগরি সহায়তায় এবং জেলা প্রশাসন কর্তৃক বাস্তবায়নাবীন “কমিউনিটি ফর ডেভেলপমেন্ট (C4D)” সেক্টরের অধীনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সিরাজগঞ্জ জেলার বেলকুচি ও শাহজাদপুর উপজেলায় ০২ জন উপজেলা সমন্বয়কারী এবং বেলকুচি ও শাহজাদপুর উপজেলার ১৯টি ইউনিয়নে ১৯ জন ইউনিয়ন সমন্বয়কারী নিয়োগ করা হবে।

ক্র.নং	পদের নাম	বেতন (সর্ব-সাকুল্যে)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	উপজেলা সমন্বয়কারী (০২ জন)	২৫০০০/-	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজ বিজ্ঞান/কমিউনিটি ডেভেলপমেন্ট/যোগাযোগ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। অবশ্যই কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকতে হবে।
২.	ইউনিয়ন সমন্বয়কারী (১৯ জন)	১৫০০০/-	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজ বিজ্ঞান/কমিউনিটি ডেভেলপমেন্ট/যোগাযোগ বিষয়ে স্নাতক ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকতে হবে। সংশ্লিষ্ট ইউনিয়নের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

উভয় পদে আগ্রহী প্রার্থীদের আগামী ১৫ এপ্রিল ২০১৮ তারিখ বিকাল ০৫.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে আবেদনপত্র জমা দিতে হবে। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে ০২ টি পাসপোর্ট সাইজ ছবি, জীবনবৃত্তান্ত (মোবাইল নম্বর সহ), শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। নির্দিষ্ট সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রাথমিক ভাবে বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ জেলা প্রশাসকের ওয়েব সাইটে এবং নোটিশ বোর্ডে টানানো হবে এবং পরীক্ষার প্রবেশপত্র ডাক যোগে প্রেরণ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।


আবু নূর মোঃ শামসুজ্জামান
উপ-পরিচালক (উপ সচিব)
স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
ফোন নং-০৭৫১-৬৫০০০

Email: ddlg.sirajganj@gmail.com

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর/বেলকুচি, সিরাজগঞ্জ।
(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ২। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়।
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য বলা হলো)
- ৩। নোটিশ বোর্ড।